

ঢাকা ওয়াসা

সংযুক্ত ক্রঃ নং-১। সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগের ২০২৫-২৬ অর্থ বৎসরের সংশোধিত বাজেট বরাদ্দের কপি।

সংযুক্ত ক্রঃ নং-২। পূর্বানুমোদিত দরের কপি।

সংযুক্ত ক্রঃ নং-৩। আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয়ঃ সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-২ এর ক্লোরিনেশন সিস্টেমের ইভাপারেটর (Evaporator) ও নিউমেটিক পাইপলাইন (Pneumatic Pipeline) রক্ষণাবেক্ষণ কাজের জন্য প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশ ত্রয়ের খরচ অনুমোদন প্রসঙ্গে।

সংযুক্ত ক্রমিক নং ০১ হতে ০৩ দয়া করে দেখা যেতে পারে। সায়োদাবাদ পানি শোধনাগার ফেজ-২ ঢাকা মহানগরীর বিপুল সংখ্যক গ্রাহকের জন্য প্রতিদিন নিরাপদ ও সুপের পানি উৎপাদন ও সরবরাহ করে থাকে। উৎপাদিত পানির গুণগত মান নিশ্চিত করার জন্য শোধনাগারে স্থাপিত ক্লোরিনেশন সিস্টেম অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এই সিস্টেমের মাধ্যমে নির্ধারিত মাত্রায় ক্লোরিন প্রয়োগ করে পানিকে জীবাণুমুক্ত করা হয় এবং জাতীয় ও আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী নিরাপদ পানির গুণগত মান বজায় রাখা হয়। ক্লোরিনেশন সিস্টেমের অন্যতম গুরুত্বপূর্ণ অংশ হলো Evaporator এবং Pneumatic Pipeline। Evaporator-এর মাধ্যমে তরল ক্লোরিনকে নিরাপদভাবে গ্যাসীয় অবস্থায় রূপান্তর করা হয় এবং Pneumatic Pipeline-এর মাধ্যমে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণ যন্ত্রপাতিতে বায়ুচাপ সরবরাহ করে ক্লোরিন ডোজিং সিস্টেমকে স্বয়ংক্রিয় ও কার্যকরভাবে পরিচালনা করা হয়। এছাড়াও, প্রয়োজন অনুযায়ী কারেকটিভ মেইনটেনেন্স নিজস্ব ইলেক্ট্রিক্যাল ও মেকানিক্যাল টীম এর সহায়তায় সম্পন্ন করা হয়ে থাকে। এসব যন্ত্রাংশ সার্বক্ষণিক সচল না থাকলে ক্লোরিনেশন কার্যক্রম ব্যাহত হওয়ার আশঙ্কা থাকে। সম্প্রতি পরিদর্শন ও রক্ষণাবেক্ষণ কার্যক্রমে দেখা যায় যে, ইভাপারেটর ও নিউমেটিক পাইপলাইনের বিভিন্ন খুচরা যন্ত্রাংশ দীর্ঘদিন ব্যবহারের ফলে ক্ষয়প্রাপ্ত, জীর্ণ ও আংশিকভাবে কার্যক্ষমতা হারিয়েছে। এর ফলে ক্লোরিন গ্যাসের প্রবাহ, বায়ুচাপ নিয়ন্ত্রণ এবং স্বয়ংক্রিয় পরিচালনা ব্যবস্থায় ত্রুটি দেখা দিতে পারে। সময়মতো এসব যন্ত্রাংশ প্রতিস্থাপন না করলে ক্লোরিনেশন সিস্টেমে অনাকাঙ্ক্ষিত ত্রুটি সৃষ্টি হওয়ার পাশাপাশি পানি জীবাণুমুক্তকরণ কার্যক্রম ব্যাহত হতে পারে, যা নিরাপদ পানি সরবরাহে নেতিবাচক প্রভাব ফেলতে পারে। উল্লেখ্য, ক্লোরিনেশন সিস্টেমের নিরবচ্ছিন্ন কার্যকারিতা নিশ্চিত করা জনস্বাস্থ্য সুরক্ষার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই সাপাশো ফেজ-২ এর ক্লোরিনেশন সিস্টেমের ইভাপারেটর ও নিউমেটিক পাইপ লাইন রক্ষণাবেক্ষণ কাজের জন্য পিটি ১০০ টেম্পারেচার সেলস ও ১০ মিমি নিউমেটিক এয়ার পাইপ ও কেবল টাই ইত্যাদি খুচড়া যন্ত্রাংশ ক্রয় করা প্রয়োজন। রক্ষণাবেক্ষণ ও আনুষঙ্গিক কাজ সম্পাদনের জন্য প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশ ক্রয়ের লক্ষ্যে পূর্বানুমোদিত দরের অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হল। প্রস্তুতকৃত প্রাক্কলনে টাকার পরিমান দাড়িয়েছে ৳-২৪৪০০.০০ (চব্বিশ হাজার নয়শত) টাকা মাত্র। উক্ত কাজের ব্যয়ভার সায়োদাবাদ পানি শোধনাগার ফেজ-০২ (ওএন্ডএম) বিভাগের ২০২৫-২৬ অর্থ বৎসরের সংশোধিত বাজেট বরাদ্দের পানি ও পয়ঃ শোধনাগার (ওএন্ডএম) খাত কোড নং- ০১-০৪-০১১ হতে বহন করা যেতে পারে।

০২। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-০২ (ওএন্ডএম) বিভাগের পানি শোধনের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-২ এর ক্লোরিনেশন সিস্টেমের ইভাপারেটর (Evaporator) ও নিউমেটিক পাইপলাইন (Pneumatic Pipeline) রক্ষণাবেক্ষণ কাজের জন্য প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশ ক্রয়ের খরচ অনুমোদন প্রসঙ্গে। কাজটি পিপিআর ২০২৫ বিধি -১০০ উপ-বিধি-১ ধারায় সরাসরি ক্রয় প্রক্রিয়ার মাধ্যমে সম্পাদন করার লক্ষ্যে উপস্থাপিত সর্বমোট ৳-২৪৯০০.০০ (চব্বিশ হাজার নয়শত) টাকার প্রাক্কলনটি সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যা পরবর্তীতে প্রকৃত ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। উক্ত কাজের অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

১৪/০৫/২০২৬
মোঃ আব্দুল মুজিব
উচ্চমান সহকারী
সাপাশো ফেজ-২ (গাজীপুর) বিভাগ
ঢাকা ওয়াশা।

এইচ এম নূর হক অপু
সিএসএমএস কো-অর্ডিনেটর
সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ
ঢাকা ওয়াসা।

১১/৬/১৬
সুজন চন্দ্র বর্মণ
নির্যাতী প্রকৌশলী
সাপাশো ফেজ-২ (ওএলএম) বিভাগ
ঢাকা গ্যাস

মিজা গোলাম কিবরিয়া
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ (অসদাঃ)
ঢাকা ওয়াসা।